



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/৫২৯

তারিখঃ ১২.০৪.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ** রিট পিটিশন নং- ২৪২০/২০১৮ এর ২০.০২.২০১৮খ্রিঃ তারিখের আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন যমুনা সেতু দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার মাওঃ মোঃ ছানোয়ার হোসেন অনলাইনের মাধ্যমে গত ০৪.০১.২০১৮খ্রিঃ তারিখে “নিয়মিত ম্যানেজিং কমিটি থাকাকালীন সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে” বোর্ডে আবেদন করেন।

অপরদিকে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব ৪র্থ নং সহঃ মৌলভী মোঃ ছানোয়ার হোসেনকে অর্পন করাসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ ইব্রাহীম খলিল অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জকে ০৭.০৩.২০১৮খ্রিঃ পত্র দেয়া হয় কিন্তু অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি। পরবর্তীতে ভারপ্রাপ্ত সুপার মোঃ ইব্রাহীম খলিল কর্তৃক অনলাইনের মাধ্যমে গত ০৬.০২.২০১৮খ্রিঃ তারিখে ‘এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসঙ্গে’ আবেদন করেন।


যেহেতু অত্র বোর্ডের কার্যক্রমসমূহ অনলাইন পদ্ধতিতে নিষ্পত্তি করা হচ্ছে সেহেতু মাওঃ মোঃ ছানোয়ার হোসেন কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন ও মোঃ ইব্রাহীম খলিল কর্তৃক দাখিলকৃত এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান সংক্রান্ত আবেদন নিষ্পত্তির কার্যক্রম অভিযোগ তদন্ত কার্যক্রম চলমান থাকায় বর্তমানে অনুমোদন কার্যক্রম স্থগিত রাখা হয়েছে।

যেহেতু কোন মাদ্রাসায় ম্যানেজিং কমিটি অনুমোদন বা এডহক কমিটি গঠনের অনুমতি বা অনুমোদন প্রাপ্তির আবেদন সংশ্লিষ্ট মাদ্রাসার সুপার/ভারপ্রাপ্ত সুপারের মাধ্যমে আবেদন বোর্ডে দাখিল করতে হয় তাই অত্র মাদ্রাসায় একই সময় দুইজন ভারপ্রাপ্ত সুপার দাবীদার থাকায় বিষয়টি নিষ্পত্তি না হওয়া এবং উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ কর্তৃক অভিযোগ বিষয়ে প্রতিবেদন না পাওয়া পর্যন্ত অনলাইনে দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন দেওয়া সমীচীন নয়। তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
12-4-18

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মাওঃ মোঃ ছানোয়ার হোসেন, ভারপ্রাপ্ত সুপার দাবীদার (রিট পিটিশন নং- ২৪২০/২০১৮ এর বাদী)  
যমুনা সেতু দাখিল মাদ্রাসা, ডাকঘর- বনবাড়িয়া, সদর, সিরাজগঞ্জ।

২) জনাব মোঃ ইব্রাহীম খলিল, ভারপ্রাপ্ত সুপার দাবীদার, যমুনা সেতু দাখিল মাদ্রাসা, ডাকঘর- বনবাড়িয়া, সদর, সিরাজগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/৫২৯(৬)

তারিখঃ ১২.০৪.২০১৮খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:**

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪